বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান
জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা।

স্মারক নং-৩৪.০৪.০০০০.০০১.১১.৭৬১.২১-১৯৬

তারিখ: ০৩ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
১৭ জুন ২০২১ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের (বিকেএসপি) রাজস্ব বাজেটভুক্ত নিম্নে বর্ণিত শূন্য পদসমূহে লোক নিয়োগের নিমিত্তে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকগনের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদন ফরমের সাথে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

| ক্রমিক নং | পদের নাম | বয়স | পদের সংখ্যা | বেতন স্কেল | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১। | নির্বাহী প্রকৌশলী, বিকেএসপি (রাজস্ব স্থায়ী) | অনূর্ধ্ব-৪০ বছর | ১ (এক) টি | ৩৫৫০০-৬৭০১০/- | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে ইঞ্জিনিয়ারিং (সিভিল)এ স্নাতক ডিগ্রী; এবং (খ) কোন সরকারি স্বায়ত্তশাসিত বা বেসরকারি প্রতিষ্ঠানে সহকারী প্রকৌশলী হিসাবে অন্যূন আট বৎসরের অভিজ্ঞতা। |
| ২। | অফিস সহায়ক (রাজস্ব স্থায়ী) | অনূর্ধ্ব-৩০ বছর | ১ (এক) টি | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩। | হোস্টেল বেয়ারার (রাজস্ব স্থায়ী) | অনূর্ধ্ব-৩০ বছর | ১ (এক) টি | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

১। স্ব-হস্তে লিখিত নির্ধারিত ফরমে আবেদনকারীর সাম্প্রতিক সময়ের ৩ (তিন) কপি (৫x৫ সে.মি) সাইজের সত্যায়িত ছবিসহ মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি), জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা-এর বরাবরে আগামী ১৫/০৭/২০২১ খ্রি: তারিখের মধ্যে ডাকযোগে অথবা অফিসে রক্ষিত বাক্সে (অফিস চলাকালীন সময়ে) পৌঁছাইতে হইবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহনযোগ্য হইবে না।
২। মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর।
৩। প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত রয়েছেন এইরূপ বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
৪। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
৫। ১৫/০৭/২০২১ তারিখে প্রার্থীর বয়স আবেদনে উল্লেখ করিতে হইবে।
৬। খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করিতে হইবে।
৭। ক্রমিক নং ১ এ বর্ণিত পদের অনুকূলে আবেদনকারীকে ২০০/- (দুইশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং ক্রমিক নং ০২-০৩ পর্যন্ত পদের অনুকূলে আবেদনকারীকে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, উত্তরা ব্যাংক লিঃ-এর যে কোন শাখা হইতে মহাপরিচালক, বিকেএসপি -এর অনুকূলে দরখাস্তের সাথে জমা দিতে হইবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলিয়া গন্য হইবে।
৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় আহবান করা হইবে। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার ও অন্যান্য সকল সনদের মূল কপি দেখাইতে হইবে।
৯। প্রযোজ্য ক্ষেত্রে মহিলা কোটা, উপজাতীয় কোটা, মুক্তিযোদ্ধাগণের সন্তানদের জন্য নির্ধারিত কোটা এবং এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের নির্ধারিত কোটা সংরক্ষণ করা হইবে। তবে সকল ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের সনদপত্র দরখাস্তের সাথে পেশ করিতে হইবে।
১০। আবেদন ফরম বিকেএসপির ওয়েব সাইট (www.bksp.gov.bd) এ পাওয়া যাইবে।
১১। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হইবে।

১৭/৬/২১

ব্রিগেডিয়ার জেনারেল
মোঃ রাশীদুল হাসান, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
মহাপরিচালক
বিকেএসপি।

E-com-1/Paper Ad/p-61/vrinda/Aslam

# চাকরির আবেদন ফরম

| |
|---|
| ৫x৫ সে. মি.<br>ছবি<br>(সম্প্রতি তোলা, তিন কপি) |

বরাবর
মহাপরিচালক
বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)
জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা।

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর : | | তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| ৩. | প্রার্থীর নাম | বাংলায় : | | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) : | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর : | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্ম স্থান (জেলা) : | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স (১৫/০৭/২০২১ খ্রিঃ তারিখ অনুযায়ী) : | | | | | | | | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম : | | | | | | | | | | |
| ৯. | পিতার নাম : | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) : | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা : | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্ট কোড নম্বর : | | |
| | উপজেলা : | | |
| | জেলা : | | |
| ১১. | যোগাযোগ : | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |
| ১২. | জাতীয়তা : | ১৩. | জেন্ডার : |
| ১৪. | ধর্ম : | ১৫. | পেশা : |

১৬. শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/ বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | |
| ১৯. | কোটা (টিক দিন) : | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) : |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর : | | | তারিখ: দি ন মা স ব ৎ স র |
| | ব্যাংক ও শাখার নাম : | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) : | হ্যাঁ ☐ | না ☐ | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র | প্রার্থীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |